ভোরের কাগজ

তারিখ ...... পৃষ্ঠা ২০ কলাম ...

চট্টগ্রামে ছাত্র জমায়েত

# ছাত্ররাজনীতি বন্ধের চক্রান্ত সহ্য করা হবে না

ট্টগ্রাম অফিস : ঢাকা বিশ্ববিদ্যাল ামসুন্নাহার হলে পুলিশি হামলা ও র্যাতনের প্রতিবাদে বাংলাদেশ ছাত্র উনিয়ন চট্টগ্রাম জেলা সংসদের উদ্যোগে ক সমাবেশে বক্তারা বলেন, 'মধ্যরাতে াত্রীহলে পুলিশ দিয়ে হামলা, নির্যাতন ও গ্রপ্তারের মধ্য দিয়ে সরকার ছাত্রসমাজের ান্দোলনকে দাবিয়ে রাখার অপচেষ্টা ালাচ্ছে।

গত শুক্রবার শরণ বড়ুয়ার সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় বক্তারা আরো বলেন, সরকার ছাত্রদের যৌক্তিক আন্দোলন ভিত্তিক ছাত্ররাজনীতি বন্ধের যে ষড়যন্ত্র করছে তারই প্রমাণ মিললো ২৩ এবং ২৪ জুলাই হামলায়। সরকার দলীয় ক্যাডারদের শিক্ষা প্রতিষ্ঠান দখল, টেন্ডারবাজি, চাঁদাবাজি, সন্ত্রাসের মাধ্যমে জনতাকে জিম্মি করে রেখে নিজেদের স্বার্থসিদ্ধি ও দেশীয় সম্পদ লুটপাট করার জন্য ছাত্রসমাজের আন্দোলন দমন-নিপীড়নের মাধ্যমে বন্ধ করার অপচেষ্টা চালাচ্ছে। তারা বলেন, ছাত্র আন্দোলন ও ছাত্ররাজনীতি বন্ধ করার এই অপচেষ্টা কখনোই মেনে নেওয়া হবে না। ছাত্রসমাজ এই ষড়যন্ত্রকে রুখে দেবেই।

সভায় বক্তব্য রাখেন রিপায়ন বড়ুয়া, মিন্টু চৌধুরী, সৈয়দ শাখাওয়াত প্রমুখ।